# সরাইল উপজেলা পরিষদ

সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

## উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময় ঃ ৩১/০৩/২০২২খ্রিঃ, সময় ঃ সকাল-১১:৩০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল।

**সভায় উপস্থিত / অনুপস্থিত সদস্যগণ ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।**

সভার শুরুতেই নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। অতঃপর সভাপতি জনাব রফিক উদ্দিন ঠাকুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার মূল কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. উপজেলা নির্বাহী অফিসার ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ ইং তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নম্বর স্মারকে জারিকৃত নীতিমালার আলোকে সরাইল উপজেলাধীন পানিশ্বর বাজার নৌকাঘাট এবং অরুয়াইল বাজার নোকাঘাট সমূহ ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে গত ০৩/০৩/২০২২ খ্রি. তারিখের ১৭২ নং স্মারকের ইজারা বিজ্ঞপ্তি মোতাবেক আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নোক্তভাবে আবেদন পাওয়া যায়।

| নৌকাঘাটের নাম | দরপত্র দাখিলকারীর নামও ঠিকানা | ১৪২৯ সনের জন্য সরকারি ইজারা মূল্য | ১৪২৯ সনের জন্য দাখিলকৃত ইজারা মূল্য | জামানত | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | অর্থের পরিমাণ | ব্যাংক ড্রাফ্ট পে-অর্ডার নং ও তারিখ | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| অরুয়াইল বাজার নৌকাঘাট | মোঃ সাদ্দাম হোসেন, পিতা-সামর আলী গ্রাম-দুবাজাইল, ডাকঘর-অরুয়াইল উপজেলা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়িয়া। | ১,৫৯০/- | ১,৬০০/- | ৪০০/- | পিও নং-২৩৮৭৫১৮ তারিখ-২১/০৩/২০২২ সোনালী ব্যাংক লিঃ সরাইল শাখা | বৈধ |
| পানিশ্বর বাজার নৌকাঘাট | অহিদ মিয়া, পিতা-মৃত গনি মিয়া গ্রাম-শোলাবাড়ি, ডাকঘর-শাখাইতি উপজেলা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়িয়া। | ১,৫৯০/- | ১,৮০০/- | ৪৫০/- | পিও নং-২৬৯৬৭৯৭ তারিখ-২২/০৩/২০২২ ব্যাংক এশিয়া, ব্রাহ্মণবাড়িয়া শাখা | বৈধ |

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আবেদনকারীদের নামে নৌকাঘাট সমূহ ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দ্বিতীয় গণটিকা কার্যক্রমের আওতায় অত্র উপজেলার ৯টি ইউনিয়নের ২৭টি কেন্দ্রের মাধ্যমে গণটিকা কার্য্যক্রম পরিচালিত হয়েছে। এছাড়া প্রতিদিন জরায়ু ক্যান্সার নির্ণয়সহ ইপিআই কার্যক্রম, উপস্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম এবং কমিউনিটি ক্লিনিক সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জরুরী বিভাগ ও প্রসূতি কার্যক্রম ২৪ঘন্টা চলমান রয়েছে। | সকল শিক্ষার্থীকে টিকার আওতায় আনতে হবে এবং করোনা (কোভিড-১৯) ভ্যাকসিন প্রদানসহ সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

০৩. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় সারের মজুদ রয়েছে। এছাড়া কৃষি প্রণোদনা প্রদান সহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল। |

চলমান পাতা-০২

০৫. উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার কোথাও গবাদী পশুর কোন প্রকার মড়ক দেখা দেয় নাই। পশু হাসপাতালের চিকিৎসা, পরামর্শ ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সরাইল। |

০৪. স্থানীয় সরকার বিভাগ (উপজেলা প্রকৌশলী) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উন্নয়ন তহবিলের বরাদ্দের প্রকল্প টেন্ডার প্রক্রিয়াকরণ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী |

০৫. প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষার্থী জন্ম নিবন্ধনে জঠিলতার কারণে ভর্তিসহ উপবৃত্তি অর্ন্তভূক্তি কার্যক্রম ব্যাহত হচ্ছে। শিশুরা যাতে দ্রুত এবং সহজে জন্মনিবন্ধন পায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | শিশুরা যাতে দ্রুত এবং সহজে জন্মনিবন্ধন পায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা |

০৬. মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, আইসিটি প্রশিক্ষণসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান। | বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল। |

০৭. মৎস্য অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলাধীন মৎস্য কার্ডধারী জেলেদেরকে প্রণোদনা প্রদানের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া মৎস্য চাষ বিষয়ক পরামর্শ প্রদানসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী জরুরী সেবা সমূহ চালু রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা। |

০৮. পরিবার পরিকল্পনা অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ, গর্ভকালীন মায়েদের সেবা, প্রসবকালীন সেবা, প্রসবোত্তর সেবা, শিশু সেবা ও সাধারণ রোগীর সেবা এবং অন্যান্য বিভাগীয় জরুরী কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী জরুরী সেবা সমূহ চালু রাখতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা।<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ |

০৯. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সমিতি গঠন, ঋণ দান ও আদায় কার্যক্রম সহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছ। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল। |

১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, দ্বিতীয় পর্যায়ের টি.আর. (নগদ অর্থ) প্রকল্প কাজ দ্রুত শুরু করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

১১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (উপজেলা সমবায় কর্মকর্তা) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল। |

১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিত | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল। |

১৩. সমাজ সেবা বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, প্রতিবন্ধি উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা। |

১৪. যুব উন্নয়ন বিভাগ ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রশিক্ষণ প্রদান, ঋণ আদায়সহ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

১৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিতি | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

১৬. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বিধি মোতাবেক ধান-চাউল সংগ্রহ করণসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ভিজিডির চাউল দ্রুত ডেলিভারি নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ইউপি চেয়ারম্যানগণ |

১৭. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিতি | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |

১৮. ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, প্রশিক্ষণসহ তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার উপজেলা প্রকৌশলী, সরাইল |

১৯.সহকারী প্রোগ্রামার(আইসিটি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অনুপস্থিতি | উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার(আইসিটি) |

২০. উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ৪র্থ পর্যায়ের উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েচে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) |

২১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সমিতি গঠন, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

২২. বিবিধ ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ক) | সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের নতুন বাস ভবনের নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। তিনি আগামী মাসেই সরকারি বাস ভবনে উঠবেন। তাঁর নতুন সরকারি বাস ভবনের জন্য আসবাবপত্র প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে তাঁর নতুন সরকারি বাস ভবনের জন্য আসবাবপত্র ক্রয়ের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যানের সরকারি নতুন সরকারি বাস ভবনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে আসবাবপত্র ক্রয়ের প্রাক্কলন প্রস্তুত পূর্বক স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | |
| খ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের পরিচ্ছন্নতাকর্মী এবং মালী হিসেবে দুই জন লোক ০১/০৩/২০২২ হতে ৩১/০৩/২০২২ খ্রি. পর্যন্ত ২৬ (ছাব্বিশ) দিন কাজ করানো হয়েছে। ২৬ (ছাব্বিশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে পরিচ্ছন্নতাকর্মী এবং মালীর ২৬ (ছাব্বিশ) দিনের দৈনিক মজুরী বিল প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| গ) | সভাপতি সভায় জানান, কুট্টাপাড়া ঠাকুরবাড়ি রাস্তাটি গত বর্ষা ও অতিবৃষ্টিতে ভেঙ্গে গিয়ে খানা খন্দকের সৃষ্টি হয়েছে এবং জনচলাচলের অযোগ্য প্রায়। উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে উক্ত রাস্তাটি সংস্কারের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে কুট্টাপাড়া ঠাকুরবাড়ি রাস্তাটি সংস্কার/পাঁকাকরণের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |
| ঘ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কালীকচ্ছ ইউনিয়ন ভূমি অফিসারে রাস্তাটি বিগত বর্ষা ও অতি বৃষ্টির কারণে ভেঙ্গে গিয়ে যাতায়াতের অযোগ্য প্রায়। উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে উক্ত রাস্তাটি সংস্কার/পাঁকাকরণের বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | কালীকচ্ছ ইউনিয়ন ভূমি অফিসের রাস্তাটি উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে সংস্কার/ পাঁকাকরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |
| ঙ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান যে, সৌরভ দাস, পিতা-বিষ্ণু দাস, গ্রাম-কানিউচ্চ, ইউনিয়ন-নোয়াগাঁও, উপজেলা-সরাইল, জেলা-ব্রাহ্মণবাড়িয়া। তিনি ২০২০-২১ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে লোক প্রশাসন বিভাগে ভর্তি হয়েছে। তার বাবা একজন দরিদ্র কৃষক। তার বাবার পক্ষে তার লেখাপড়ার খরচ চালানো সম্ভব হচ্ছে না বিধায় সে তার লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য আর্থিক সাহায্যের আবেদন করেন। বাস্তবতায় দেখা যায় একজন মেধাবী ছাত্র। দারিদ্রতার কারণে তার লেখাপড়া বন্ধ হতে দেয়া যায়না। মানবিক কারণে শিক্ষা সহায়তা হিসেবে তাকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষা সহায়তা হিসেবে সৌরভ দাসকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| চ) | উপজেলা শিল্পকলা একাডেমীর ভবন ভেঙ্গে ফেলার কারণে ত্রিতাল সঙ্গীত নিকেতন এর একটি কক্ষে সাময়িকভাবে কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কক্ষটির আনুষঙ্গিক মেরামত ও রঙ করা প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ত্রিতাল সঙ্গীতাঙ্গনের আনুষঙ্গিক মেরামত ও রঙকরণ কাজ সম্পন্ন করার বিষয়ে প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ত্রিতাল সঙ্গীতাঙ্গনের আনুষঙ্গিক মেরামত ও রঙকরণ কাজ সম্পন্ন করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ছ) | সভাপতি সভায় আরও জানান তাঁর বাস ভবনে গ্যাস সংযোগের প্রয়োজন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে গ্যাস সংযোগের ব্যয় বিল প্রদানের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনের গ্যাস সংযোগের ব্যয় বিল প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

২২. বিবিধ ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| জ) | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের খসড়া কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-খ) সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে মতামত ও আলোচনা আহবান করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-খ) চূড়ান্ত করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট উপজেলা কমিটি |
| ঝ) | সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের সামনের (দক্ষিণপার্শ্বের) বাউন্ডারীওয়াল ও গেইট নির্মাণ একান্ত জরুরী। এছাড়া পূর্ব ও উত্তর পার্শ্বের বাউন্ডারী ওয়াল উঁচু করা প্রয়োজন। উক্ত কাজ সম্পন্ন করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলিত ৬,৮১,৪০৬/- (ছয় লক্ষ একাশি হাজার চারশত ছয়) টাকার প্রাক্কলন প্রস্তুত করেছেন। এছাড়া উপজেলা পরিষদ চেয়ারম্যানের নতুন বাস ভবনের জন্য আসবাবপত্র ক্রয়ের লক্ষ্যে ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত কাজ সম্পন্ন করার বিষয়ে তিনি সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলিত ৬,৮১,৪০৬/- (ছয় লক্ষ একাশি হাজার চারশত ছয়) টাকায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাস ভবনের দক্ষিণপার্শ্বের বাউন্ডারীওয়াল ও গেইট নির্মাণ কাজ এবং ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের নতুন বাস ভবনের জন্য আসবাবপত্র ক্রয় কাজ সম্পন্ন করণের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(রফিক উদ্দিন ঠাকুর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন নং ঃ ০৮৫২৭-৫৬২৮৮

স্মারক নং ঃ সউপ/মাসিকসভা/২০২০/৩৪ (৪০)

তারিখ ঃ ৩১ মার্চ ২০২২
১৭ চৈত্র ১৪২৮

অনুলিপি- সদয় অবগতির জন্য
০১। মাননীয় সংসদ সদস্য, ২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২।
০২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি- অবগতি ও কার্যার্থে
০৫। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। উপজেলা ---------------------------------------- অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। চেয়ারম্যান, --------------------------------------- ইউপি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। জনাব ------------------, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।

স্বাক্ষরিত
(মোঃ আরিফুল হক মৃদুল)
উপজেলা নির্বাহী অফিসার
সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
ফোন ঃ ০৮৫২৭-৫৬০০৭
ই-মেইল ঃ unosarail@mopa.gov.bd

চলমান পাতা-০৬



পরিশিষ্ট "ক"
সভায় উপস্থিত সদস্যগণ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম | পদবী |
| --- | --- | --- |
| ১. | জনাব রফিক উদ্দিন ঠাকুর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২. | জনাব মোঃ আরিফুল হক মৃদুল | উপজেলা নির্বাহী অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩. | জনাব মোঃ আবু হানিফ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪. | জনাব রোকেয়া বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫. | জনাব মোঃ মোশারফ হোসেন | চেয়ারম্যান, অরুয়াইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৬. | জনাব কাউছার হোসেন | চেয়ারম্যান, পাকশিমুল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৭. | জনাব মোঃ হুমায়ুন কবির | চেয়ারম্যান, চুন্টা ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৮. | জনাব মোস্তাফিজুর রহমান | চেয়ারম্যান, পানিশ্বর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৯. | জনাব আব্দুল জব্বার | চেয়ারম্যান, সরাইল ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১০. | জনাব মোঃ ছায়েদ হোসেন | চেয়ারম্যান, কালিকচ্ছ ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১১. | জনাব মনসুর আহ্মেদ | চেয়ারম্যান, নোয়াগাঁও ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১২. | জনাব মোসাম্মৎ আছমা আক্তার | চেয়ারম্যান, শাহজাদাপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৩. | জনাব খায়রুল হুদা চৌধুরী | চেয়ারম্যান, শাহবাজপুর ইউনিয়ন পরিষদ, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৪. | জনাব ডাঃ মোঃ নোমান মিয়া | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৫. | জনাব ড. মোঃ জাহাঙ্গীর আলম | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৬. | জনাব নিলুফা ইয়াছমীন | উপজেলা প্রকৌশলী(এলজিইডি) এর কার্যালয় সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৭. | জনাব সহিদ খালিদ জামিল খান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৮. | জনাব মোঃ সুমন মিয়া | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৯. | জনাব মোঃ আব্দুল আজিজ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২০. | জনাব মোসাঃ ফাতেমা আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২১. | জনাব নাজমা বেগম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২২. | জনাব মুকবুল হোসেন | উপ-সহঃ প্রকৌশলী(জনস্বাস্থ্য), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৩. | জনাব মোঃ আবুল কালাম আজাদ | উপজেলা সমাজ সেবা অফিসার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৪. | জনাব | উপজেলা সমবায় কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৫. | জনাব মোঃ আব্দুস সালাম | উপজেলা বন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৬. | জনাব মোঃ মমিনুল ইসলাম | উপজেলা সমন্বয়কারী(ইউজিডিপি) |
| ২৭. | জনাব মোঃ আব্দুছ ছালাম | উজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৮. | জনাব কাজী আঃ মোমেন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৯. | জনাব মোঃ শাকিল আহমেদ | সহকারী প্রোগ্রামার, আইসিটি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩০. | জনাব মোঃ একরাম হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩১. | জনাব মায়মুনা জাহান | উপজেলা মৎস্য কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩২. | জনাব রাজ কুমার শীল | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৩. | জনাব রঞ্জন ভৌমিক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৪. | জনাব মোহাম্মদ আজমত উল্লাহ খান | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৫. | জনাব মোঃ আশরাফুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী (সওকা), বিএডিসি, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩৬. | মোসাম্মৎ বিউটি আক্তার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |

অনুপস্থিত সদস্যগণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

| ক্রঃ নং | নাম | পদবী |
| --- | --- | --- |
| ৩৭. | জনাব নার্গিস বেগম | সংরক্ষিত মহিলা সদস্য |
| ৩৮. | জনাব মোঃ মানিক মিয়া | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। |